# অপসংস্কৃতি আমাদের সংস্কৃতিতে ঢুকে পড়েছে: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

বাংলাদেশের সংস্কৃতিতে অপসংস্কৃতি প্রবেশ করেছে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির আয়োজিত 'রোড টু সিরাহ' ২৬ জাতীয় সীরাত পাঠ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

জামায়াত আমির বলেন, প্রতিটি জাতির নিজস্ব সংস্কৃতি রয়েছে। কিন্তু আমরা নিজেদের সংস্কৃতি থেকে পিছিয়ে পড়েছি। এর মধ্যে অপসংস্কৃতিও ঢুকে গেছে। সুস্থ সংস্কৃতির বিকাশ ঘটানো গেলে একটি জাতির জন্য জ্ঞান ও মূল্যবোধের সমন্বয়ে সুস্থ সাংস্কৃতিক পরিসর তৈরি হয়।

তিনি বলেন, রাসুলে করিম (সা.)-এর জীবন ও আদর্শের সঙ্গে সম্পর্কিত হলে আমাদের অবশ্যই সেদিকে ফিরে তাকাতে হবে। তাঁর জীবনকে কেন্দ্র করে যে আন্দোলন গড়ে উঠেছিল, সেটি শুধু একটি স্বতন্ত্র আন্দোলন নয়, বরং সাংস্কৃতিক আন্দোলনও ছিল।

LENS ASIA

শফিকুর রহমান বলেন, ধর্মীয় পরিবর্তন আনাই ছিল সেই আন্দোলনের মূল বিপ্লব। আল্লাহ তায়ালার মেহেরবানিতে রাসুলুল্লাহ (সা.)-এর হাতে সেই বিপ্লব সফলভাবে বাস্তবায়িত হয়েছিল।